

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৩১

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হজ ও উমরাহ সম্পাদনকারী ব্যক্তি যখন সাফা ও মারওয়া পাহাড়ের উপর আরোহন করবেন, তখন কী বলবেন তার বিবরণ

كُرْ مَا يَقُولُ الْحَاجُّ وَالْمُعْتَمِرُ عَلَى الصَّفَا وَالْمَرْوَةِ إِذَا رَقِيَهُمَا

আরবী

3831 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ بِمَنْبَجٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا وَقَفَ عَلَى الصَّفَا يُكَبِّرُ ثَلَاثًا وَيَقُولُ: (لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ) يَصْنَعُ ذَلِكَ ثَلَاثَ مَرَّاتٍ وَيَدْعُو وَيَصْنَعُ عَلَى الْمَرْوَةِ مِثْلَ ذَلِكَ.

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3831 | خلاصة حكم المحدث: صحيح: م - وهو قطعة من حديث جابر الطويل ، ويأتي (3933 - 3934).

বাংলা

৩৮৩১. জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সাফা পাহাড়ের উপর আরোহন করতেন, তখন তিনি তিনবার তাকবীর দিতেন এবং বলতেন, (আল্লাহ ছাড়া প্রকৃত কোন لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। তিনি এক, তাঁর কোন শরীক নেই। তাঁর জন্যই সমস্ত রাজত্ব, তাঁর জন্যই সমস্ত প্রশংসা এবং তিনি সর্ববিষয়ে ক্ষমতাবান) এবং তিনি দু'আ করতেন। অতঃপর মারওয়া পাহাড়েও তিনি অনুরূপ করেছেন।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৭৩২; নাসাঈ: ৫/২৪০; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮৩১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93170>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন